দৈনিক
ইনকিলাব

তারিখ 24 JUL 2007
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বাংলাদেশী শিক্ষার্থীরা ব্রিটেনে উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী হয়ে উঠেছে

## -সেমিনারে বক্তারা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ব্রিটিশ কাউন্সিল আয়োজিত ব্রিটেনে উচ্চশিক্ষা বিষয়ক এক সেমিনারে বক্তারা বলেছেন, শিক্ষার্থীদের জন্য নানা সুযোগ-সুবিধা থাকায় এদেশের শিক্ষার্থীরা ব্রিটেনে পড়াশোনা করতে আগ্রহী হয়ে উঠেছে। বক্তারা বলেন, শিক্ষার্থীদের স্বাস্থ্য বীমা, বিভিন্ন স্কলারশীপের ব্যবস্থা এবং সফলতার হার উচ্চ বিধায় দেশটির প্রতি শিক্ষার্থীরা ঝুঁকছে।

গতকাল (সোমবার) ফুলার রোডের ব্রিটিশ কাউন্সিল অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ব্রিটেনে উচ্চশিক্ষার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিলের এডুকেশন ও প্রমোশন অফিসার মোঃ জহির উদ্দিন। উপস্থিত শিক্ষার্থীদের নানা প্রশ্নের জবাব দেন প্রমোশন অফিসার সাজেদা খাতুন। ব্রিটেনে উচ্চশিক্ষায় আগ্রহী বিপুলসংখ্যক ছাত্রছাত্রী এতে অংশ নেয়।

সেমিনারে মোঃ জহির তার বক্তব্যে বলেন, ব্রিটেন আন্তর্জাতিক শিক্ষার্থীদের আগ্রহের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। তবে সম্প্রতি আবেদন প্রক্রিয়ায় কিছুটা পরিবর্তন আনা হয়েছে। আর অতীতের ন্যায় ব্রিটিশ কাউন্সিল শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত নানা তথ্য দিয়ে সহযোগিতা অব্যাহত রেখেছে।